

- আমাদের জাতিগত সম্প্রীতি অটুট রাখুন
- বর্ণবাদের বিরুদ্ধে সংঘবদ্ধ হোন



# ইস্ট লন্ডনে বর্ণবাদী ই.ডি.এল (EDL) এর আগমন রুখে দাঁড়ান!

ইস্ট লন্ডনে বর্ণবাদী ই.ডি.এল এর আসার বিরুদ্ধে মিছিল সামবেশ,

# তারিখ ২০ জুন

সমাবেশের সময় বিকাল ১২.৩০ ঘটিকা, স্থান স্টেপনি গ্রীন পার্ক –  
সমাবেশ মিছিল সহকারে আলতাব আলী পার্কে গিয়ে শেষ হবে



ইস্ট লন্ডনে বর্ণবাদী ই.ডি.এল এর আসার বিরুদ্ধে মিছিল সামবেশ,

# তারিখ ২০ জুন

বর্ণবাদী ইংলিশ ডিফেন্স লিগ আগামী ২০ জুন, রোজ রোববার ইস্ট লন্ডনের টাওয়ার হ্যামলেটস-এ অনুপ্রবেশের পরিকল্পনা করেছে। এরা আমাদের বহুজাতিক, বহুসাংস্কৃতিক কমিউনিটিতে ঘৃণা ও বিভক্তি ছড়াতে চায়, এখানে বসবাসরত মুসলমানদের ভীত করে তুলতে চায়।

বর্ণবাদ আর ফ্যাসিবাদের বিরুদ্ধে রুখে দাঁড়ানোর ক্ষেত্রে ইস্ট লন্ডনের একটি গৌরবজনক ইতিহাস রয়েছে। ১৯৩৬ সালে বর্ণবাদীরা যখন ক্যাবোল স্ট্রিটে মিছিল করার চেষ্টা করেছিল তখন থেকেই ইস্ট লন্ডনের মানুষ সংঘবদ্ধ হয়ে এদের বিরুদ্ধে রুখে দাঁড়াচ্ছেন।

আর তাই আপনাদের প্রতি আকুল আহ্বান, আসুন আমাদের প্রতিবাদ মিছিলে যোগ দিন।

আমরা ওদের বর্ণবাদকে প্রতিরোধ করতে চাই, আমাদের কমিউনিটির জাতিগত বৈচিত্র্যতাকে উদযাপন করতে চাই। সম্প্রতি কয়েক মাস ধরে ই.ডি.এল মুসলমান ও মসজিদগুলোর উপর তাদের ঘৃণার নিশানা স্থাপন করেছে। যখনই ওরা মিছিল করার সুযোগ পেয়েছে তখনই ওরা ঘৃণা, বিভক্তি আর সহিংসতা ছড়ানোর সুযোগ পাচ্ছে।

ক্যামেরায় ধারণকৃত ছবি থেকে দেখা গেছে যে, ই.ডি.এল এর সমর্থকরা তাদের মিছিল মিটিং এর সময় নাজি স্যালুট দিয়েছে।

বি.এন.পি ও অন্যান্য বর্ণবাদী সংগঠনের সাথে ই.ডি.এল এর সংযোগ রয়েছে। ই.ডি.এল এর বিরুদ্ধে আমাদের প্রতিবাদ মিছিল জমায়েত হবে বিকাল ১২.৩০ ঘটিকায় স্টেপনি গ্রীন পার্কে।

'লাভ মিউজিক হেইট রেইসিজম' নামের শিল্পীগোষ্ঠী গান পরিবেশন করবে। তারপর আমরা অলগেইট ইস্টের আলতাব আলী পার্কে মিছিল সহকারে যাব। স্মরণীয় যে ১৯৭৮ সালে বর্ণবাদীদের হাতে নিহত আলতাব আলীর সম্মানে এই পার্কের নামকরণ করা হয়েছে।

আসুন, আমরা সকলে যোগ দিয়ে শান্তিপূর্ণ ও সংঘবদ্ধ ভাবে প্রতিবাদ জানিয়ে ই.ডি.এল এর বর্ণবাদীদেরকে দেখাই যে ইস্ট লন্ডনে আমরা তাদের চাই না। আসুন, ২০ জুন আমাদের সাথে যোগ দিন।

ইউনাইটেড এ্যাগেইনস্ট ফ্যাসিজম (Unite Against Fascism) ● 020 7801 2782 ● info@uaf.org.uk ● uaf.org.uk  
ইউনাইটেড ইস্ট এন্ড (United East End) ● 07828 776 174 ● unitedeastend@hotmail.co.uk

## ইউনাইটেড এ্যাগেইনস্ট ফ্যাসিজমে/ইউনাইটেড ইস্ট এন্ডে যোগ দিন

নাম: .....  
ঠিকানা: .....  
..... পোস্টকোড: .....  
ইমেইল: .....  
ফোন: ..... ট্রেইড ইউনিয়নের/সংগঠনের নাম: .....  
কলেজের/স্কুলের নাম: .....

মেম্বরশিপ ফির হার: ১০/৩ পাউন্ড ছাত্রছাত্রী এবং কনসেশন। সংগঠন: স্থানীয় সংগঠন ২০ পাউন্ড, অর্থ সাহায্য পায় না এমন আঞ্চলিক/জাতীয় সংগঠন ৪০ পাউন্ড, সদস্য সংখ্যা ১০০,০০০ জনের নিচে এমন জাতীয় ট্রেইড ইউনিয়ন ও অন্যান্য জাতীয় সংগঠন ১০০ পাউন্ড, সদস্য সংখ্যা ১০০,০০০ জনের উপরে এমন সংগঠন ২০০ পাউন্ড।

মেম্বরশিপ ফি: £..... দান (ডেনেশন): £.....

Please make cheques payable to Unite Against Fascism, PO Box 36871, London WC1X 9XT ● 020 7801 2782 ● uaf.org.uk ● info@uaf.org.uk